উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

২য় সিনিয়র সহকারী জজ আদালত, চট্টগ্রাম।

আদেশ নং-
তারিখ-

অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন।

অতপর নথি আদেশের জন্য নেওয়া হলো।

বাদীপক্ষ তফসিল বর্নিত নালিশী সদর সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২২/০৬/১৯৯৮ ইং তারিখের ৩৭৯৪ নং কবলা সংশোধনের ডিক্রীর প্রার্থনায় ১-৪ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৪ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও শুধুমাত্র ১-২ নং বিবাদী আদালতে হাজির হয়ে জবাব দাখিল করে এবং মামলাটি ডিক্রি সমর্থনে সোলেনামা প্রদান করেন। পরবর্তীতে বিগত ১৮/০৮/২০২৪ ইং তারিখে উক্ত সোলেনামা প্রত্যাখ্যত হয়ে মামলাটি একতরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মোকদ্দমা প্রমানের জন্য বাদীপক্ষে ১ নং বাদী **গিয়াস উদ্দিন আহম্মদ P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্ম বর্নিত কাগজাদি দাখিল করেন।

১। ১৬/০১/৭৯ ইং তারিখের ৪৪০ নং অংশনামা দলিলের সিসি প্রদর্শনী- ১

২। ২২/০৬/১৯৯৮ তারিখের ৩৭৯৪ নং কবলার সি.সি প্রদ- ২

৩। বি এস ৪৩৩ নং খতিয়ানের সি.সি কপি প্রদর্শনী-৩

৪। শিকলবাহা ইউ.পি চেয়ারম্যান কর্তৃক ২৫/৩/২৪ ইং তারিখের প্রত্যয়নপত্র প্রদ-৪

৫। আর এস ৪২৩ নং খতিয়ানের ফটোকপি প্রদর্শনী- ৫

**গিয়াস উদ্দিন আহম্মদ P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৫) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় দেখা যায় বাদীপক্ষ আরজি বর্নিত ২২/০৬/১৯৯৮ ইং তারিখের ৩৭৯৪ নং কবলা দলিল সংশোধনের প্রার্থনায় অত্র মামলা করেছেন। বাদীপক্ষের দাবিমতে, নালিশী আর এস ১৪৭৪ দাগের মূল মালিক গগণ চন্দ্রের ওয়ারীশ ও প্রভাষ, সুভাষ, রনজিৎ এবং বিপ্লব কুমার শীল ও চন্দ্র বালার মধ্যে ১৬/০১/১৯৭৯ ইং তারিখে ৪৪০ নং অংশনামা সম্পাদিত হয়। প্রদর্শনী-১ পর্যালোচনায় উহার সত্যতা পাওয়া যায়। উক্ত অংশনামা দলিল মতে আর এস ১৪৭৪, ১৪৭১ নং দাগে (১১।√৩ দন্ত বা ৩৪.৯২ শতক সম্পত্তি উক্ত প্রভাষ, সুভাষ, রনজিৎ এবং বিপ্লব কুমার শীল ও চন্দ্র বালা প্রাপ্ত হয়। বাদীপক্ষের দাবিমতে চন্দ্র বালা শীল মরনে পুত্র প্রভাষ, সুভাষ, রনজিৎ এবং বিপ্লব কুমার শীল ওয়ারীশ বিদ্যমান থাকে। আবার প্রভাষ ও সুভাষ ওয়ারীশবিহীন মৃত্যুবরণ করায় তাদের স্বত্বাংশীয় ভূমি রণজিৎ ও বিপ্লব কুমার শীল প্রাপ্ত হয় মর্মে প্রতীয়মান হয়। বাদীপক্ষের দাবিমতে আপোষে আর এস ১৪৭৪ দাগ সামিল বি এস ১৪৯৬ দাগ এর

১৬ শতক ভূমি বিপ্লব কুমার নাথ এককভাবে প্রাপ্ত হয়। প্রদর্শনী-২ পর্যালোচনায় দেখা যায় ২২/০৬/১৯৯৮ ইং তারিখের ৩৭৯৪ নং তর্কিত কবলামুলে বিপ্লব কুমার নাথ ১৬ শতক ভূমি বাদীগণ বরাবর হস্তান্তর করেন। সুতরাং বাদীগনের আর এস ১৪৭৪ দাগ সামিল বি এস ১৪৯৬ দাগে ১৬ শতক ভূমিতে স্বত্ব স্বার্থ বিদ্যমান রয়েছে মর্মে প্রতীয়মান হয়। তর্কিত দলিল পর্যালোচনায় দেখা যায় দলিল লিখকের অসাবধানতা ও অনিচ্ছাকৃত ক্রুটির কারনে নালিশী কবলায় বি এস ৪৩৪ নং খতিয়ান এবং বি এস ১৫৪৮ ও ১৪৩২ নং দাগ লিপি ভুল হয়েছে। একইভাবে দলিলে "আর এস ১৪৯৩/১৪৯৮/$\frac{১৪৯৩}{১৫৬০}$ দাগে ৪ গন্ডা এবং আর এস ১৪৭১/১৪৭৪/১৪৭৫/১৪৭৬ দাগের আন্দর ৪ গন্ডা " লিপি সম্পূর্ন ভুল হয়েছে। এমতাবস্থায় তর্কিত কবলা সংশোধনযোগ্য মর্মে আমি বিবেচনা করি। সুতরাং বাদীপক্ষ আরজি প্রার্থিত মতে প্রতিকার পাবার হকদার। সার্বিক বিবেচনায় অত্র মামলা ডিক্রিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশহয় যে,

দলিল সংশোধনের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৪ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে এক-তরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি প্রদান করা হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে যে সদর সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২২/০৬/১৯৯৮ ইং তারিখের ৩৭৯৪ নং দলিলের তফসিলে বি এস ৪৩৩ নং খতিয়ানের স্থলে ৪৩৪ লিপি হয়েছে এবং বি এস ১৪৯৬ নং দাগের স্থলে বি এস ১৫৪৮/১৪৩২ লিপি হয়েছে এবং " আপোষ চিহ্নিত দখল আর এস ১৪৯৩/১৪৯৮/$\frac{১৪৯৩}{১৫৬০}$ দাগে ৪ গন্ডা এবং আর এস ১৪৭১/১৪৭৪/১৪৭৫/১৪৭৬ দাগের আন্দর ৪ গন্ডা " লিপি ভুল হয়েছে যাহা সংশোধনযোগ্য।

এতদ্বারা ১ নং বিবাদী দাতা বিপ্লব কুমার নাথ কর্তৃক গ্রহীতা-বাদীগণ ডা. মোহাম্মদ ইকবাল উদ্দিন আহম্মদ ও মোহাম্মদ গিয়াস উদ্দিন আহম্মদ এর অনুকূলে সম্পাদিত সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২২/০৬/১৯৯৮ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৩৭৯৪ নম্বর কবলা দলিলের তফসিলে বি এস জরিপের খতিয়ানের **" ৪৩৪" অংক কর্তন পূর্বক তৎস্থলে " ৪৩৩" এবং বি এস জরিপের দাগে " ১৫৪৮, ১৪৩২" অংক কর্তনে তৎস্থলে " ১৪৯৬"নং দাগ** লিপিবদ্ধ করে এবং আপোষ চিহ্নিত দখল " আর এস ১৪৯৩/১৪৯৮/$\frac{১৪৯৩}{১৫৬০}$ দাগে ৪ গন্ডা এবং আর এস ১৪৭১/১৪৭৪/১৪৭৫/১৪৭৬ দাগের আন্দর ৪ গন্ডা " শব্দ সমূহ সম্পূর্ন কর্তনে তৎস্থলে " আর এস ১৪৭৪ দাগের সামিল বি এস ১৪৯৬ দাগের আন্দর ৮ (আট) গন্ডা " লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট ৮২ নং *ভলিয়মের* ১ নং**

***বই এর ২২৫-২৩০ নম্বর পৃষ্ঠায়*** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম ও সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
২য় সিনিয়র সহকারী জজ আদালত,
পটিয়া, চট্টগ্রাম।

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
২য় সিনিয়র সহকারী জজ আদালত,
পটিয়া, চট্টগ্রাম।